গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় দিঘলিয়া, খুলনা www.digholia.khulna.gov.bd

বিষয় : **দিঘলিয়া, খুলনা উপজেলার আইসিটি বিষয়ক কমিটির মার্চ -২০২৪ মাসের সভার কার্যবিবরণী।**

সভাপতি : জনাব খান মাসুম বিল্লাহ, উপজেলা নির্বাহী অফিসার, দিঘলিয়া, খুলনা।

স্থান : উপজেলা পরিষদ সভাকক্ষ, দিঘলিয়া, খুলনা। সভার তারিখ : ১৪-০৩-২০২৪ খ্রি. সময়: সকাল ১১.০০ ঘটিকা।

উপস্থিতি : পরিশিষ্ট-ক।

সভায় উপস্থিত সকল সম্মানিত সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। বিগত সভার কার্যবিবরনী এবং বর্তমান সভার কার্যবিবরনী উপস্থাপন করা হয়। সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্ত সমূহ গৃহীত হয়ঃ

	South	
ক্র:	সিদ্ধান্ত	বাস্তবায়নে
নং		
०১	শেখ রাসেল ডিজিটাল ল্যাব যথাযথভাবে ব্যবহার নিশ্চিতকরণ এবং নিয়মিত পরিদর্শন ও দিক-	সহকারী প্রোগ্রামার, ল্যাবপ্রাপ্ত প্রতিষ্ঠান
	নির্দেশনা প্রদানের ব্যাপারে সিদ্ধান্ত গৃহীত হয়।	প্রধান (সকল), দিঘলিয়া, খুলনা।
	রমজান মাসে বিদ্যালয় ছুটির মধ্যে সপ্তাহে অন্তত এক দিন ল্যাবের সকল কম্পিউটার চালু করার	
	বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।	
০২	দিঘলিয়া উপজেলার সকল দপ্তরের ওয়েব পোর্টালসহ উপজেলাধীন ০৬ টি ইউনিয়ন এর ওয়েব	সহকারী প্রোগ্রামার, অফিস প্রধান (সকল),
	পোর্টালের বিভিন্ন দিক নিয়ে আলোচনা করা হয়। ওয়েব পোর্টাল সমূহের অসম্পূর্ণতা দুত সম্পূর্ণ	চেয়ারম্যান (সকল ইউনিয়ন পরিষদ),
	করার সিদ্ধান্ত গৃহীত হয়।	উদ্যোক্তা (সকল ইউনিয়ন পরিষদ),
		দিঘলিয়া, খুলনা।
00	দিঘলিয়া উপজেলাধীন ইউনিয়ন ডিজিটাল সেন্টারের উদ্যোক্তাদের প্রতিদিনের আয় ব্যয়ের তথ্য	ইউপি সচিব, উদ্যোক্তা (সকল ইউনিয়ন
	আপলোডের বিষয়ে আলোচনা করা হয়। বিস্তারিত আলোচনান্তে উদ্যোক্তাদের প্রতিদিনের আয়	পরিষদ), দিঘলিয়া, খুলনা।
	ব্যয়ের তথ্য এক সেবায় নিয়মিতভাবে আপলোডের সিদ্ধান্ত গৃহীত হয়।	
	সভায় বিভিন্ন ইউনিয়ন ডিজিটাল সেন্টারের উদ্যোক্তারা জানান যে তাদের (ছয়টি ইউনিয়ন	
	ডিজিটাল সেন্টার থেকে) আনুমানিক ১৫০,০০০/- টাকা আয় হয়।	
08	দাপ্তরিক সকল কার্যক্রম ডি-নথি সিস্টেমের মাধ্যমে পরিচালনার সিদ্ধান্ত গৃহীত হয়। যেসকল	সহকারী প্রোগ্রামার, অফিস প্রধান (সকল),
	অফিস ডি-নথি সিস্টেমে নেই তাদেরকে সিস্টেমে অন্তর্ভূক্তির বিষয়ে বিস্তারিত পদক্ষেপ নেওয়ার	দিঘলিয়া, খুলনা।
	বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।	
	সভায় ডি-নথি ব্যবহারকারী অফিসসমূহের দপ্তর প্রধানগণ জানান যে, বেশিরভাগ সময় ডি-নথির	
	সার্ভার ডাউন থাকার কারনে ঠিকমত ডি-নথিতে কাজ করা সম্ভব হচ্ছে না।	
00	উপজেলা পর্যায়ে শিক্ষা প্রতিষ্ঠানসমূহে স্থাপিত মাল্টিমিডিয়া ক্লাসরুমের কার্যক্রম নিয়ে আলোচনা	উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার,
	করা হয়। আলোচনায় উপজেলার সকল শিক্ষা প্রতিষ্ঠানের মাল্টিমিডিয়া ক্লাসরুম (MMC)	দিঘলিয়া, খুলনা।
	কার্যক্রমের তথ্য মাল্টিমিডিয়া ক্লাসরুম ম্যানেজমেন্ট সিস্টেম (mmc.e-service.gov.bd)	
	তে আপলোড করার ও নিয়মিত মাল্টিমিডিয়ার মাধ্যমে ক্লাস নেওয়া হচ্ছে কিনা এবং শিক্ষা	
	প্রতিষ্ঠান ${ m mmc}$ তে আপলোড করছে কিনা তা মনিটরিং করার সিদ্ধান্ত গৃহীত হয়।	
૦હ	দিঘলিয়া উপজেলাধীন সকল ইউডিসি সেন্টার হতে অনলাইনে পর্চা সরবরাহের সিদ্ধান্ত গৃহীত হয়।	উদ্যোক্তা (সকল ইউনিয়ন পরিষদ)
		দিঘলিয়া, খুলনা।

09	প্রজাতন্ত্রের একজন দায়িত্বশীল কর্মকর্তা হিসাবে সামাজিক যোগাযোগ মাধ্যম তথা	অফিস প্রধান (সকল),দিঘলিয়া, খুলনা।
	Facebook এ কোন বিকৃত পোষ্ট/ মন্তব্য না করা এবং Facebook ব্যবহারের নীতিমালা	
	অনুসরণ করে পোষ্ট, মন্তব্য বা শেয়ার করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।	
०৮	উপজেলাধীন যে সকল শিক্ষা প্রতিষ্ঠানে মাল্টিমিডিয়া ক্লাসরুম আছে তা নিয়মিতভাবে পরিদর্শন	উপজেলা শিক্ষা অফিসার ও উপজেলা
	করার সিদ্ধান্ত গৃহীত হয়।	মাধ্যমিক শিক্ষা অফিসার, দিঘলিয়া,
		খুলনা।
০৯	ইস্টাবিলিশিং ডিজিটাল কানেক্টিভিটি প্রকল্পের আওয়াতায় জয় ডি-সেট সেন্টার এর টেন্ডার প্রক্রিয়া	এল জি ই ডি, দিঘলিয়া, খুলনা ও উপজেলা
	শুরু হয়েছে মর্মে সকলকে পুনরায় জানানো হয়।	প্রশাসন, দিঘলিয়া, খুলনা।

সবশেষে আইসিটির বিকাশ ও উন্নয়নের মাধ্যমে সরকারের ডিজিটাল বাংলাদেশ গড়ার স্বপ্প বাস্তবে রূপ দেয়ার লক্ষ্যে সকলকে সক্রিয় অংশ গ্রহণের আহবান জানিয়ে এবং সভায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

স্বাঃ
(খান মাসুম বিল্লাহ)
উপজেলা নির্বাহী অফিসার
দিঘলিয়া, খুলনা

E-mail: unodigholia@mopa.gov.bd

বিতরনঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১. মাধ্যমিক শিক্ষা অফিসার / উপজেলা শিক্ষা অফিসার, দিঘলিয়া, খুলনা।
- ২. সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, দিঘলিয়া, খুলনা।
- ২. অধ্যক্ষ/ প্রধান শিক্ষক দিঘলিয়া, খুলনা।
- ৩. চেয়ারম্যান,সকল ইউনিয়ন পরিষদ, দিঘলিয়া, খুলনা।

স্মারক নং: ০৫.৪৮.৪৭৪০.০০০.৩১.০০১.২২-৪৫৯

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১. সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, আইসিটি টাওয়ার, ঢাকা।
- ২. মহাপরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, আইসিটি টাওয়ার, ঢাকা।
- ৩. জেলা প্রশাসক ও বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা।
- 8. অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), খুলনা।
- ৫., দিঘলিয়া, খুলনা।

৬. অফিস কপি।

২১-০৩-২০২৪ (খান মাসুম বিল্লাহ) উপজেলা নির্বাহী অফিসার দিঘলিয়া, খুলনা

তারিখ: ২১-০৩-২৪ খ্রি.

 $E\text{-}mail: \underline{unodigholia@mopa.gov.bd}$